দৈনিক ইনকিলাব

তারিখ 05 DEC 1986
পৃষ্ঠা ... কলাম ...

010

# উপজেলা পরিক্রমা

## কেশবপুর

যশোর (কেশবপুর), ৪ ডিসেম্বর (সংবাদদাতা)।— যশোর জেলার একটি উপেক্ষিত জনপদের নাম কেশবপুর উপজেলা। প্রাকৃতিক বৈচিত্র্যে পরিপূর্ণ এ উপজেলাটি বর্তমানে বিভিন্ন সমস্যার কবলে। ৯টি ইউনিয়ন ও ১৪৫টি গ্রাম নিয়ে গঠিত উপজেলা কেশবপুরে প্রায় দু'লাখ লোকের বাস। আয়তন ৯৯.৯৭ বর্গ মাইল।

### কৃষি ব্যবস্থা

এই উপজেলার প্রধান উৎপাদিত ফসল হচ্ছে ধান, পাট, সরিষা, গম ইত্যাদি। প্রয়োজনীয় কৃষি উপকরণ খরা, বন্যা, ভাল বীজ, সার ও কীটনাশকের অভাবে এখানে কৃষকরা রেকর্ড পরিমাণ খাদ্যশস্য উৎপাদন করতে পারছে না। এ উপজেলায় মোট জমির পরিমাণ ৬৩,৮৬৪.০৬ একর। আবাদী জমি ৫৩,৭০৩.০৬ একর, অনাবাদী ১০,১১৬ একর এবং চাষযোগ্য অনাবাদী ৪৫ একর।

### শিক্ষা ব্যবস্থা

শিক্ষার ক্ষেত্রে এ উপজেলাটি অনেক পিছিয়ে রয়েছে। জনসংখ্যার তুলনায় শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কম। ফলে, শিক্ষিতের হার হ্রাস পাচ্ছে। কেশবপুরের একমাত্র কলেজ বর্তমান তাও নানা সমস্যায় জর্জরিত। এখানে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে—হাই স্কুল ২০টি, জুনিয়র হাই স্কুল ৪টি, সরকারী প্রাথমিক স্কুল ৬৮টি, বেসরকারী ২৩টি, মাদ্রাসা ৩৯টি। এসবগুলো শিক্ষা প্রতিষ্ঠানই বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। আর্থিক অস্বচ্ছলতার কারণে ছত্র-ছাত্রীদের অল্প বয়সেই লেখাপড়া ছাড়তে হয়। সম্প্রতি মানব সেবা সংস্থা উপজেলার বিভিন্ন এলাকায় ১২টি শিশু শিক্ষা ও ৮টি বয়স্ক শিক্ষা স্কুল চালু করেছে।

### যোগাযোগ ব্যবস্থা

কেশবপুর উপজেলায় যোগাযোগ সমস্যা অত্যন্ত প্রকট। সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থা আজো গড়ে উঠেনি। ফলে, উপজেলাবাসীর দুর্ভোগ বেড়েছে। উপজেলার উপর দিয়ে বরাবর দীর্ঘ ৩২ কিলোমিটার রাস্তা কেশবপুর-মনিরামপুর-যশোর এবং ১৫ কিলোমিটার রাস্তা চুকনগর-কেশবপুর সাবেক পাকিস্তান আমলে পাক হয়েছিল। বর্তমানে রাস্তাটির মাঝে মাঝে পীচ উঠে গিয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে।

### চিকিৎসা ব্যবস্থা

চিকিৎসা ক্ষেত্রে উপজেলা হাসপাতাল ছাড়াও ৪টি উপস্বাস্থ্য কেন্দ্র রয়েছে। হাসপাতালে জীবন রক্ষাকারী কোন ওষুধ নেই। প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে এলাকার জনসাধারণ সুচিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। প্রাথমিক চিকিৎসার কিছু পরিচিত ট্যাবলেট ছাড়া অন্য কোন ওষুধ পাওয়া যায় না।

### অন্যান্য

কেশবপুর উপজেলায় ছোট বড় মিলিয়ে মোট ২০টি হাট-বাজার রয়েছে। এছাড়া রয়েছে পাবলিক লাইব্রেরী ১টি, ব্যাংক ৭টি, তহসিল অফিস ৫টি, খাদ্যগুদাম ৪টি, গভীর নলকূপ ৫টি ও অগভীর নলকূপ ৫০০টি রয়েছে।